



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০২৪৭-৮৬০৫১৫

ই-মেইল : dgmlad1@rakub.org.bd

ওয়েব সাইট : www.rakub.org.bd

ঋণঅবি-১ সার্কুলার নং-০১/২০১৯

তারিখ : ১৮.০৪.২০১৯

বিষয় : লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল প্রসঙ্গে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর প্রতিষ্ঠালগ্নে ব্যাংকের ঋণ সংক্রান্ত কার্যক্রম সম্পাদনার নিমিত্ত ০৭.০১.১৯৮৭ তারিখে একটি ঋণ ম্যানুয়েল প্রণয়ন করা হয়। ঋণ ম্যানুয়েলটি মূলত বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রণীত ঋণ ম্যানুয়েলের হুবহু পুনর্মুদ্রণ ছিল। সময়ের আবর্তে ব্যাংক কর্তৃক জারীকৃত বিভিন্ন সার্কুলার, সার্কুলার লেটার ও পত্রাদির মাধ্যমে উক্ত ঋণ ম্যানুয়েলে ইতোমধ্যে উল্লেখযোগ্য পরিবর্তন সাধিত হয়েছে। এ সকল নির্দেশনাবলী বিক্ষিপ্ত অবস্থায় থাকার কারণে ঋণ বিতরণ সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণ প্রায়শঃই সিদ্ধান্তহীনতার সম্মুখীন হয়েছেন। এ সমস্যা নিরসনকল্পে সার্বিক বিবেচনায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ঋণ ম্যানুয়েলে প্রয়োজনীয় সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জনপূর্বক তা হালনাগাদ ও সমন্বয়যোগী করার উপর গুরুত্বারোপ করেন।

০২। ব্যাংকের ঋণ বিতরণ সংক্রান্ত পরিচালন কর্মকাণ্ড আরও সহজতর ও গতিশীল করার লক্ষ্যে মাঠ পর্যায়ের লব্ধ অভিজ্ঞতা, ব্যাংক কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত এতদসংক্রান্ত সার্কুলার, সার্কুলার লেটারের সাথে সামঞ্জস্যতা এবং বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসরণে লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল যুগোপযোগী করে পুনঃসংস্করণ করা হয়েছে, যা গত ২৮.০৩.২০১৯ তারিখে অনুষ্ঠিত রাকাব পরিচালনা পর্ষদের ৪৯৪তম সভায় অনুমোদিত হয়।

০৩। এমতপ্রেক্ষিতে ব্যাংকের বিনিয়োগ অধিকতর নিরাপদ ও ঝুঁকিমুক্ত রাখার মাধ্যমে আর্থিক সক্ষমতা নিয়ে মুনাফা অর্জন নিশ্চিত করার লক্ষ্যে আলোচ্য লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল এ বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ ও পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১৮.০৪.২০১৯

(শওকত শহীদুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

সূত্র নং-প্রকা/ঋণঅবি-১/৪৬/২০১৮-২০১৯/৭০০(৪৪৪)

তারিখ : ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৯। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ১০। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১১। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। অফিস নথি/মহানথি।

১৮.০৪.২০১৯

(শাহনেওয়াজ ছাররে মাহমুদ)

মুখ্য কর্মকর্তা